



THE UNIVERSITY OF BURDWAN

Administrative Office :
Rajbati, Burdwan-713104
West Bengal

18/07/18

Ph. +91-342-2634975 (EPABX)
Extn. 233, 240
Tele Fax : (91) 0342-2533262
E-mail : ce@buruniv.ac.in
website : http://www.buruniv.ac.in

DEPARTMENT OF CONTROLLER OF EXAMINATIONS

পরীক্ষার্থীদের জন্য নির্দেশিকা

১. বৈধ অ্যাডমিট কার্ড ছাড়া পরীক্ষার্থীদের পরীক্ষা কেন্দ্রে প্রবেশের অনুমতি দেওয়া হবে না এবং প্রয়োজনে প্রতি পরীক্ষার্থীকে বৈধ অ্যাডমিট কার্ড দেখাতে হবে।
২. পরীক্ষা শুরুর কমপক্ষে ১০ মিনিট আগে প্রতি পরীক্ষার্থীকে তার নির্দিষ্ট আসন গ্রহণ করতে হবে। বিশেষ ক্ষেত্রে পরীক্ষা কেন্দ্রের অধিকর্তা অনুমতি প্রদান করতে পারবেন কিন্তু কোনোভাবেই পরীক্ষা শুরুর নির্দিষ্ট সময়ের ২০ (কুড়ি) মিনিট পর এলে কোনো পরীক্ষার্থীকেই পরীক্ষার জন্য নির্দিষ্ট ঘরে প্রবেশের অনুমতি দেওয়া হবে না।
৩. পরীক্ষা শুরুর সময় থেকে এক ঘন্টার মধ্যে কোনো পরীক্ষার্থী হল থেকে বেরোতে পারবে না। প্রতি পরীক্ষার্থীকে হল থেকে বেরোনোর সময় তার উত্তরপত্রটি (সাদা খাতা হলেও) অবশ্যই কোনো পরিদর্শককে জমা দিয়ে আসতে হবে।
৪. প্রতি পরীক্ষার্থীকে তার রোল নম্বর, বছর সহ রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম এবং বছর, বিষয় সহ অন্যান্য তথ্য উত্তরপত্রের নির্দিষ্ট জায়গায় লিখতে হবে। কোনো অবস্থাতেই পরীক্ষার্থীর নাম বা কলেজের নাম লেখা চলবে না। প্রত্যেক পরীক্ষার্থীকে অবশ্যই প্রতিটি বিষয়ের জন্য নির্দিষ্ট হাজিরা পত্রে (অ্যাটেনডেন্স শিট) স্বাক্ষর করতে হবে।
৫. প্রত্যেক পরীক্ষার্থী পরীক্ষার হলে শুধুমাত্র অ্যাডমিট কার্ড, রেজিস্ট্রেশন সার্টিফিকেট, কলম, পেন্সিল নিয়ে যেতে পারবে। যে-সমস্ত জিনিসগুলি কোনোভাবেই সঙ্গে নিয়ে যাওয়া যাবে না সেগুলি হল—বই, খাতা, লেখাপত্র, মাইক্রোজেরক্স করা উত্তরপত্র, মোবাইল-সেলুলার-স্যাটেলাইট ফোন, পেজার, ডিজিটাল ডায়েরি, প্রোগ্রামেবল ক্যালকুলেটর, স্মার্ট ওয়াচ, ইলেকট্রনিক যন্ত্রপাতি ইত্যাদি।
৬. পরীক্ষার হলে কোনো পরীক্ষার্থী অন্য কাউকে উত্তর লেখায় সাহায্য করতে বা কারও সাহায্য নিতে পারবে না। পরীক্ষার্থীদের নিজেদের মধ্যে বা অন্য কোনো ব্যক্তির সঙ্গে পারস্পরিক যোগাযোগ সম্পূর্ণভাবে নিষিদ্ধ।
৭. উত্তরপত্রে প্রতিবাদযোগ্য বা অনর্থক মন্তব্য লেখা সম্পূর্ণরূপে নিষিদ্ধ। প্রশ্নপত্রেও কোনো কিছু লেখা চলবে না।
৮. পরীক্ষার্থীদের কোনো রকম অসদুপায় অবলম্বন থেকে বিরত থাকতে হবে। পরীক্ষার্থীদের জন্য অবশ্য পালনীয় নিয়ম-শৃঙ্খলা ভঙ্গ করলে বা অ্যাডমিট কার্ডে অন্যায় হস্তক্ষেপ (ট্যাম্পারিং) করলে পরীক্ষার্থীকে হল থেকে বহিষ্কার বা 'আর.-এ.' (রিপোর্টেড এগেইন্সট) করা হতে পারে।
৯. পরীক্ষা শেষের নির্দিষ্ট সময়ের পনেরো মিনিট আগে সতর্কীকরণ ঘন্টা বাজবে। এই সময়পর্বে হলের দরজা বন্ধ থাকবে এবং পরীক্ষার্থীরা তাদের নির্দিষ্ট জায়গায় অপেক্ষা করবে, পরিদর্শক কর্তৃক বিতরিত উত্তরপত্র এবং প্রাপ্ত উত্তরপত্র মিলিয়ে নেওয়া পর্যন্ত।
১০. পরীক্ষার্থীকে অ্যাডমিট কার্ড দেওয়া হলেও তা বাতিল করার যথোপযুক্ত কারণ ঘটলে বিশ্ববিদ্যালয় পরীক্ষার আগে বা পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষার্থীকে পরীক্ষা দেবার পক্ষে অনুপযোগী বলে ঘোষণা করতে পারে। সেক্ষেত্রে কোনো পরীক্ষার্থীকে বিশ্ববিদ্যালয় পরবর্তী পরীক্ষা বা পরীক্ষা সমূহ থেকে বহিষ্কার করতে পারে।

July 18, 2018



আদেশানুসারে
অনিন্দ্যজ্যোতি পাল
পরীক্ষা সমূহের নিয়ামক